DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 03:15 PM

সারাদেশ

# □খদরে□ খাসির মাংস না থাকায় বিয়ে না করেই ফিরলেন জাপানপ্রবাসী বর

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি ঢাকা প্রোব

বিয়ের খাবার □খদরে□ খাসির মাংস না থাকায় বিয়ে না করেই কনের বাড়ি থেকে ফিরে গেছেন জাপানপ্রবাসী এক বর। বিয়ের আনুষ্ঠানিকতার শেষ মুহূর্তে খাবারে খাসির মাংস না থাকায় আপত্তি জানান তিনি। কনেপক্ষের আত্মীয়স্বজন ও উপস্থিত লোকজন অনেক বুঝিয়েও তাঁকে সিদ্ধান্ত পরিবর্তনে রাজি করাতে পারেননি।

সোমবার (১৭ আগস্ট) বিকেলে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলার ধরখার ইউনিয়নের তোলাতালা গ্রামে এ ঘটনা ঘটে। বর জুনায়েদ কসবা উপজেলার নিয়ামতপুর গ্রামের আবদুল জলিলের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, বিয়ের আনুষ্ঠানিকতা উপলক্ষে সোমবার বরযাত্রী নিয়ে কনের বাড়িতে যান জুনায়েদ। সেখানে ফুল দিয়ে তাঁকে বরণ করা হয়। তবে বরণ অনুষ্ঠানের আয়োজন নিয়ে তিনি অসন্তোষ প্রকাশ করেন এবং উপস্থিত লোকজনের সামনে বিরূপ মন্তব্য করেন। পরে গেট

ও অন্যান্য আনুষ্ঠানিকতা শেষে বরকে নির্ধারিত স্থানে নিয়ে যাওয়া হয়।

একপর্যায়ে আত্মীয়স্বজনের খাওয়া-দাওয়া শেষে বিয়ের আনুষ্ঠানিকতার অংশ হিসেবে বরপক্ষের জন্য স্থানীয়ভাবে পরিচিত ঐতিহ্যবাহী খদরে খাবার পরিবেশন করা হয়। খাবারে খাসির মাংস না থাকায় আপত্তি জানান জুনায়েদ। তিনি খাসির মাংস ছাড়া খাবেন না এবং খাসির মাংসের ব্যবস্থা না করা হলে বিয়ের আনুষ্ঠানিকতাও করবেন না বলে জানিয়ে দেন।

এ সময় কনেপক্ষের আত্মীয়স্বজনসহ উপস্থিত অনেকে তাঁকে বোঝানোর চেষ্টা করেন। এমনকি খাসির মাংসের ব্যবস্থা করার বিষয়েও তাঁকে আশ্বস্ত করা হয় বলে জানা গেছে। কিন্তু কোনোভাবেই নিজের সিদ্ধান্ত থেকে সরে আসেননি তিনি। শেষ পর্যন্ত বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন না করেই একা কনের বাড়ি থেকে ফিরে যান জাপানপ্রবাসী জুনায়েদ।

কনের বাবা শফিক মিয়া বলেন, খাসির মাংসের বিষয়টি আগে জানানো হলে অবশ্যই এর ব্যবস্থা করা হতো। কিন্তু আমাকে আগে এ বিষয়ে কিছুই জানানো হয়নি। পরে আত্মীয়স্বজনসহ সবাই মিলে ছেলেটিকে বোঝানোর চেষ্টা করেছি। কিন্তু তিনি কোনোভাবেই রাজি হননি।

স্থানীয় ইউপি সদস্য আশিক মিয়া বলেন, ঘটনাটি অত্যন্ত দুঃখজনক। কোনো বাবা-মাই চান না মেয়ের বিয়েতে এমন পরিস্থিতি তৈরি হোক। খাসির মাংসের বিষয়টি সামনে আসার পর তাঁকে অনেকভাবে বোঝানোর চেষ্টা করা হয়েছে। কিন্তু তিনি খাসির মাংস ছাড়া বিয়ে করতে রাজি হননি।

ঘটনাটি জানাজানি হওয়ার পর এলাকায় ব্যাপক আলোচনা ও চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**

সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/khdre-khasir-mangs-na-thakay-biye-na-krei-firlen-japanprbasi-br